

গান

যে কেহ মোরে বেসেচ ভালো
জ্বেলেচ ঘৰে তাঁহারি আলো,
তাঁহারি মাঝে সবাৰি আজি
পেয়েচি আমি পৱিচয়,
সবাৰে আমি নমি ॥

বা কিছু কাছে এসেচে, আছে,
এনেচে তাঁৰে প্ৰাণে,
সবাৰে আমি নমি ।

বা কিছু দূৰে গিয়েচে ছেড়ে,
টেনেচে তাঁৰি পানে,
সবাৰে আমি নমি ।

জানি বা আমি নাহি বা জানি,
মানি বা আমি নাহি বা মানি,
নয়ন মেলি নিখিলে আমি
পেয়েচি তাঁৰি পৱিচয়,
সবাৰে আমি নমি ॥

গৱেষণা মম হৱেচ প্ৰভু দিয়েচ বহু লাজ ।
কেমনে মুখ সমুখে তব তুলিব আমি আজ
তোমারে আমি পেয়েচি বলি
মনে মনে যে মনেৰে ছলি,

ধৰ্ম সঙ্গীত

পড়িনু ধৰা, সংসারেতে
করিতে তব কাজ—
কেমনে মুখ সমুখে তব
তুলিব আমি আজ ॥

জানিনে নাথ, আমার ঘরে
ঠাঁই কোথা যে তোমারি তরে,
নিজেরে তব চরণপরে
সঁপিনি রাজরাজ ।
তোমারে চেয়ে দিবস যামী
তোমারি পানে তাকাই আমি,
তোমারে চোখে দেখিনে স্বামী
তব মহিমা মাঝ,—
কেমনে মুখ সমুখে তব
তুলিব আমি আজ ॥

সবার মাঝারে তোমারে স্বীকার করিব হে ।
সবার মাঝারে তোমারে হৃদয়ে বরিব হে ॥
শুধু আপনার মনে নয়,
আপন ঘরের কোণে নয়,